দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 MAR 1997

পৃঃ ৪ কলাম ৬

12

এসএসসি পরীক্ষায় অনিয়ম

# ১০ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত

জনকণ্ঠ রিপোর্ট

এ বছরের এসএসসি পরীক্ষায় ময়মনসিংহ জেলার হালুয়াঘাট ও কক্সবাজারের চকোরিয়া কেন্দ্রের পরীক্ষার্থীদের মাঝে পরের দিনের পরীক্ষার প্রশ্নপত্র আগের দিন বিতরণ করার অভিযোগে দু'টি কেন্দ্রের সংশ্লিষ্ট ১০ জন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। মঙ্গলবার শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন পাশার সভাপতিত্বে শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তাদের এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এই সভায় পরীক্ষা গ্রহণে অনিয়ম ও দায়িত্বে অবহেলার অভিযোগে হালুয়াঘাট কেন্দ্রের সচিব মোঃ আবদুস সালাম, মদন মোহন সরকার, প্রণব কুমার সরকার, কল্যাণ কুমার দত্ত, নারায়ণ চন্দ্র দাস, মোঃ হারুন-অর-রশীদ ও মোঃ আইয়ুব খানের সরকারী অংশের বেতনভাতা বন্ধ এবং তাদের চাকরি হতে বিধি মোতাবেক বরখাস্ত করার জন্য বিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশদানের সিদ্ধান্ত হয়। এ ছাড়াও চকোরিয়া কেন্দ্রের সচিব মোঃ হাবিবুর রহমান, নুরুল আলম ও আহমদ কবিরকে ১০ মার্চ থেকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত নেয়া হয়।